গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| তারিখ: | ২৯ নভেম্বর, ২০২২ খ্রিঃ |
| সময়: | সকাল ১১.০০ টা |
| স্থান: | ইনস্টিটিউটের হল রুম |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা: | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকল অংশীজনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের রেজিষ্ট্রার (যুগ্মসচিব) জনাব মো: রফিকুল ইসলাম স্বাগত বক্তব্যে এ প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় সুশাসন প্রতিষ্ঠায় ইনস্টিটিউটে গৃহীত কার্যক্রম বিষয়ে পাওয়ার পয়েন্টে তথ্য উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত অংশীজনদের মধ্যে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার এর প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন অফিসার, সাভার, জাতীয় পর্যায়ে যুব পদক প্রাপ্ত দুজন সংগঠক, এ ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীবৃন্দ, উপপরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশিক্ষণ) মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়ন | সভায় অবহিত করা হয় যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অব্যাহত রয়েছে। গত ২৪/১১/২০২২ তারিখে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। | ১। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br>২। নৈতিকতা কমিটির সভা প্রতি প্রান্তিকের ১ম সপ্তাহে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৪। শুদ্ধাচার পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা নিয়মিত আয়োজন করতে হবে।<br>৫। সুশাসন প্রতিষ্ঠায় ইনস্টিটিউট এর প্রতিটি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। | ১। রেজিস্ট্রার<br>২। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. তথ্য অধিকার আইন, ২০০৯ এর বাস্তবায়ন | সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। এ সংক্রান্ত কোন আবেদন পেন্ডিং নেই মর্মে সভায় জানানো হয়। | ১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৩। তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ইনস্টিটিউটে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপপরিচালক (প্রশিক্ষণ)<br>২। তথ্য প্রদানকারী কর্মকর্তা |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় (GRS) কোন আবেদন পেন্ডিং নেই মর্মে সভায় তথ্য উপস্থাপন করা হয়। | ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সংক্রান্ত সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে ইন্সটিটিউটে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১। উপপরিচালক (প্রশিক্ষণ)<br>২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| ৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | সভায় ইনস্টিটিউটের কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। | ১। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br>২। প্রতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | ১। রেজিস্ট্রার<br>২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫. সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার | সভায় ইনস্টিটিউটের সিটিজেন চার্টার এর বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | ১। ইনস্টিটিউটের সিটিজেন চার্টার এর উন্নয়ন ও হালনাগাদকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সিটিজেন চার্টারের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে। | ১। উপপরিচালক (প্রশিক্ষণ)<br>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬. ই-নথি | সভায় জানানো হয় যে, ইনস্টিটিউটে ই-নথির কার্যক্রম শুরুর লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে | ইনস্টিটিউটে ই-নথি কার্যক্রম বাস্তবায়নে কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| বিবিধ | সভায় ইনস্টিটিউটের সার্বিক পরিচ্ছন্নতা, কর্ম পরিবেশের উন্নয়ন ও প্রশিক্ষণের মানোন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১। ইনস্টিটিউটের সার্বিক পরিচ্ছন্নতা ও কর্ম পরিবেশের উন্নয়নকল্পে কর্ম পরিবেশ উন্নয়ন কমিটির তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>২। প্রশিক্ষণের মানোন্নয়নে নিবিড় তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। প্রশিক্ষণার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে নিয়মিতভাবে শরীরচর্চা ও খেলাধুলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ১। রেজিস্ট্রার<br>২। উপপরিচালক (প্রশাসন)/(প্রশিক্ষণ)<br>৩। সহকারী পরিচালক ও চলমান কোর্সসমূহের কোর্স সমন্বয়ক (সকল)<br>৪। ফিজিক্যাল ইনস্ট্রাক্টর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
৩০/১১/২০২২
আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd

স্মারক নং৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৪৫.২২৩- ১৬৬৭ তারিখঃ- ০১. ১২. 2022

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব ......................................................, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
০৪। অফিস কপি।

০১. ১২. ২০২২
শাহাব উদ্দিন সরকার
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।